# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯০৪

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

بَاب فَضْلِ الصَّدَقَةِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَرَّ رَجُلٌ بِغُصْنِ شَجَرَةٍ عَلَى ظَهْرِ طَرِيقٍ فَقَالَ: لَأُنَحِّيَنَّ هَذَا عَنْ طَرِيقِ الْمُسلمين لَا يؤذيهم فَأدْخل الْجنَّة

### বাংলা

১৯০৪-[১৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (একদিন) এক ব্যক্তি পথচলা অবস্থায় সামনে দেখে একটি গাছের ডাল পথের উপর পড়ে আছে। সে ভাবল, আমি মুসলিমদের চলার পথ থেকে ডালটিকে সরিয়ে দেব, যাতে তাদের কষ্ট না হয়। এ কারণে এ লোকটিকে জান্নাতে প্রবেশ করানো হলো। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৯১৪, সহীহ আল জামি‘ আস্ সগীর ৫৮৬৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লামা ত্বীবী বলেনঃ শুধুমাত্র সৎ নিয়্যাতের কারণে তাকে জান্নাতের অধিকাসী করা হলো। হাদীসটি থেকে বুঝা যায়, মানুষের চলাচল করতে অসুবিধা সৃষ্টি করে এমন কষ্টদায়ক জিনিস রাস্তা থেকে সরিয়ে ফেলাতে অনেক সাওয়াব রয়েছে। হাদীসটি থেকে অল্প কাজ করে বেশী কল্যাণ লাভ করারও প্রমাণ পাওয়া যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56464

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন